অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/23/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ব্রুকলিন এবং কুইন্সের যোগ্য নিউ ইয়র্কবাসীদের বুধবার খোলা হবে যে রাজ্য-FEMA টিকাকরণ সাইট, সেখানে একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচী নির্ধারণ করতে উৎসাহিত করেছেন

ব্রুকলিন এবং কুইন্সের সাইটগুলি খোলা হবে বুধবার 24 ফেব্রুয়ারি - যোগ্য নিউ ইয়র্কবাসীরা নিউ ইয়র্কের 'আমি কি যোগ্য' ওয়েবসাইটের মাধ্যমে অথবা 1-833-NYS-4-VAX (1-833-697-4829) এর মাধ্যমেব্রুকলিন এবং কুইন্স স্টেট-FEMA টিকাকরণ সাইটের জন্য অ্যাপয়েন্টমেন্ট করতে পারেন

MTA এই বোরোগুলিতে NYCHA এবং কমিউনিটি সেন্টার থেকে রাজ্য-FEMA টিকাকরণ সাইটে বাস পরিষেবা বৃদ্ধির জন্য পাইলট প্রোগ্রাম চালু করবে

স্টেট ব্রুকলিন এবং কুইন্সের বিশ্বাস-ভিত্তিক নেতাদের সাথে অংশীদার হবে টিকাকরণ অভিযান চালু করার জন্য যার লক্ষ্য আরো কমিউনিটির সদস্যদের টিকাকরণের অ্যাপয়েন্টমেন্টের জন্য সাইন আপ করতে উৎসাহিত করা

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ব্রুকলিন এবং কুইন্সের যোগ্য নিউ ইয়র্কবাসীদের বুধবার খোলা হবে মেডগার এভারস (Medgar Evers) এবং ইয়র্ক কলেজের (York Colleges) দুটি রাজ্য-ফেডারাল এমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA) কমিউনিটি ভিত্তিক টিকার সাইট, সেখানে COVID-19 টিকা গ্রহণের জন্য একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচী নির্ধারণ করতে উৎসাহিত করেছেন। কুইন্স এবং ব্রুকলিন সাইট প্রতিদিন সকাল ৪টা থেকে রাত ৪টা পর্যন্ত কাজ করবে এবং প্রতিটি সাইটের প্রতিদিন 3,000 ডোজ প্রদান করার ক্ষমতা আছে। এই সাইটগুলোতে প্রবেশাধিকার আরও বাড়াতে গভর্নরের প্রচেষ্টার অংশ হিসেবে MTA ব্রুকলিন এবং কুইন্সে বাস সার্ভিস বাড়ানোর জন্য একটি পাইলট প্রোগ্রাম চালু করছে যাতে এই বোরোগুলিতে থাকা নিউ ইয়র্কবাসীদের এই দুটি টিকাকরণ সাইটের সাথে সংযুক্ত করা যায়। নিউ ইয়র্ক উভয় বোরোর বিশ্বাস-ভিত্তিক নেতাদের সাথে একটি টিকাকরণ অভিযান শুরু করছে, যার উদ্দেশ্য হচ্ছে প্রতিটি সম্প্রদায়ের আরও বেশি সংখ্যক সদস্যকে ফোন ব্যাঙ্কিং ব্যবহার করে এই সাইটগুলোতে টিকার অ্যাপয়েন্টমেন্টের জন্য সাইন আপ করতে উৎসাহিত করা। এই নতুন উদ্যোগগুলো নিউ ইয়র্ক স্টেটের টিকা সংক্রান্ত দ্বিধা-দ্বন্দ্বের বিরুদ্ধে লড়াই এবং ঐতিহ্যগতভাবে স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানগুলোর দ্বারা স্বল্প পরিষেবা প্রাপ্ত সম্প্রদায়গুলির কাছে টিকা পৌঁছে দেওয়ার প্রচেষ্টার অংশ।

যোগ্য নিউ ইয়র্কবাসীরা এখন ব্রুকলিন এবং কুইন্স সাইটের জন্য অ্যাপয়েন্টমেন্ট নিতে পারবেন নিউ ইয়র্কের 'আমি কি যোগ্য' ওয়েবসাইট ব্যবহার করে অথবা রাজ্যের COVID-19 টিকাকরণ হটলাইন 1-833-NYS-4-VAX (1-833-697-4829) এ কল করে। বুধবার খোলার সময় থেকে শুরু করে সাইটগুলোতে গিয়েও অ্যাপয়েন্টমেন্ট করা যেতে পারে। সময়সূচী নির্ধারনের প্রথম সপ্তাহের জন্য, এই দুটি সাইতের অ্যাপয়েন্টমেন্ট প্রাথমিকভাবে সেই সব নিউ ইয়র্কবাসীদের জন্য নির্দিষ্টভাবে সংরক্ষিত যারা বর্তমানে কাউন্টি এবং বোরোগুলির কম টিকা দেওয়ার হার সম্পন্ন এলাকায় বসবাসরত এবং টিকা দেওয়ার জন্য বর্তমানে যোগ্য। এক সপ্তাহ পরে, প্রতিটি সাইটে অ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থা সাইটের হোস্ট বোরোর সকল যোগ্য আবাসিকদের জন্য উপলব্ধ করা হবে।

"রাজ্য সকল নিউ ইয়র্কবাসীদের টিকা দিতে প্রতিশ্রুতিবদ্ধ, এবং এর মানে ঐতিহ্যবাহী স্বাস্থ্য সেবা ব্যবস্থার দ্বারা স্বল্প পরিষেবা প্রাপ্ত সম্প্রদায়গুলির কাছে পৌঁছানোর জন্য একটি সমন্বিত প্রচেষ্টা করা," **গভর্নর কুওমো বলেন।** "যদি আমাদের সত্যিই এই যুদ্ধে চিরতরে জিততে সফল হতে হয়, তাহলে আমাদের নিশ্চিত করতে হবে যে সব জায়গায় বাহুতে শটগুলি যেন প্রবেশ করানো হয়, জাতি, পশ্চাদপট বা আয় নির্বিশেষে, এবং এই সাইটগুলো সেই প্রচেষ্টার গুরুত্বপূর্ণ উপাদান। আমি ব্রুকলিন এবং কুইন্সের সকল যোগ্য নিউ ইয়র্কবাসীদের উৎসাহিত করছি যত তাড়াতাড়ি সম্ভব অ্যাপয়েন্টমেন্ট করতে, এবং আমি ব্যক্তিগতভাবে তাদের আশ্বস্ত করতে চাই যে এই টিকা নিরাপদ এবং কার্যকর।"

যদিও COVID-19 জাতির উপর ক্ষতিকর প্রভাব ফেলেছে, দরিদ্র সম্প্রদায় ও বর্ণের সম্প্রদায় এই ভাইরাসের দ্বারা বিশেষভাবে বিধ্বস্ত হয়েছে, যেখানে কৃষ্ণাঙ্গ ও ল্যাটিনো নাগরিকরা শ্বেতাঙ্গদের তুলনায় বেশি হারে মারা যাচ্ছে। টিকা বিতরণ প্রক্রিয়ার শুরু থেকে, আরেকটি প্রবণতা আবির্ভূত হয়েছে - এই টিকার প্রতি দ্বিধা, বিশেষ করে কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ের মধ্যে। বিপুল সংখ্যক জরুরি কর্মী বিভিন্ন বর্ণের সম্প্রদায় থেকে আসছে, এই নিউ ইয়র্কবাসীরা শুধুমাত্র তাদের কাজের প্রকৃতির কারণে এই ভাইরাসে আক্রান্ত হওয়ার ঝুঁকির মুখোমুখি হচ্ছে। এর ফলে এটা আরো গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে যে শুধু এই টিকার প্রতি আস্থা রাখার জন্য কাজ চালিয়ে যাওয়া নয়, অ্যাক্সেসের বাধাগুলিও ভেঙে ফেলা এবং এটি সরাসরি এই সম্প্রদায়ের মধ্যে উপলভ্য রয়েছে তা নিশ্চিতকরণে আরো গুরুত্বপূর্ণ করে তুলেছে।

সাইটের অবস্থান এবং যোগ্য জিপ কোডগুলি নিম্নরূপ:

ব্রুকলিন মেডগার এভারস কলেজ (Medgar Evers College)
231 Crown Street
Brooklyn, NY 11225
সময়: সকাল 8টা - রাত 8টা, 24 ফেব্রুয়ারি থেকে শুরু
যোগ্য জিপ কোডগুলি: 11206, 11221, 11216, 11238, 11225, 11213, 11233, 11207, 11208, 11236, 11212, 11203, 11226, 11210

কুইন্স ইয়র্ক কলেজ (York College)
160-2 লিবার্টি এভিনিউ
জ্যামাইকা, এনওয়াই 11451
সময়: সকাল 8টা - রাত 8টা, 24 ফেব্রুয়ারি থেকে শুরু
যোগ্য জিপ কোডগুলি: 11418, 11419, 11420, 11435, 11436, 11439, 11432, 11433, 11434, 11423, 11412, 11413, 11427, 11428, 11429, 11411, 11422, 11691, 11692, 11693

ফেডারাল এমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি, মার্কিন যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানব সেবা বিভাগ (U.S. Department of Health and Human Services), প্রতিরক্ষা বিভাগ (Department of Defense) ও অন্যান্য ফেডারেল এজেন্সির সহায়তায়, এই সাইটগুলো ফেডারেল ক্লিনিক্যাল ও নন-ক্লিনিক্যাল স্টাফ এবং ঠিকাদারদের একত্রিত করবে যারা ন্যাশনাল গার্ড (National Guard), নিউ ইয়র্ক স্টেট, স্থানীয় নেতা ও কমিউনিটি ভিত্তিক সংস্থার সাথে কাজ করবে এই সাইটগুলি প্রতিষ্ঠা করতে এবং সেগুলি পরিচালনা করতে। প্রতিটি অবস্থান এটি যে নির্দিষ্ট সম্প্রদায়টি পরিবেশন করছে তার চাহিদা পূরণের জন্য তৈরি করা হবে।

এই রাষ্ট্রীয়-যুক্তরাষ্ট্রীয় অংশীদারিত্বের অংশ হিসেবে বাফেলো, রোচেস্টার, আলবানি এবং ইয়ঙ্কারে চারটি অতিরিক্ত কমিউনিটি-ভিত্তিক টিকাকরণ সাইট স্থাপন করা হচ্ছে। এই চারটি সাইট 3 মার্চ থেকে শুরু করে ব্রুকলিন এবং কুইন্স সাইটের মত প্রতিদিন প্রায় 1,000 জন নিউ ইয়র্কবাসীকে টিকা দেবে। 24 ফেব্রুয়ারি, বুধবার সকাল 8টায় বাফেলো, রোচেস্টার, ইয়ঙ্কারস এবং আলবানি সাইটের জন্য অ্যাপয়েন্টমেন্ট নির্ধারন করা শুরু করা হবে। ব্রুকলিন এবং কুইন্স সাইটের মতই, প্রাথমিকভাবে, রাজ্যব্যাপী এই চারটি সাইটের অ্যাপয়েন্টমেন্ট সংরক্ষিত থাকবে সেই সব নিউ ইয়র্কবাসীদের জন্য যারা টিকা নেওয়ার জন্য যোগ্যএবং বর্তমানে কাউন্টি এবং বোরোগুলির কম টিকাকরণের হার সম্পন্ন এলাকাগুলিতে বসবাস করেন। এক সপ্তাহ পরে, প্রতিটি সাইটে অ্যাপয়েন্টমেন্ট সাইটের হোস্ট কাউন্টি, বরো বা নির্দিষ্ট টার্গেট অঞ্চলের সকল বাসিন্দাদের জন্য উপলভ্য করা হবে।

2020 সালের শেষের দিকে, গভর্নর সেক্রেটারি অব স্টেট রোসানা রোসাদো, ন্যাশনাল আরবান লীগের (National Urban League) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মার্ক মরিয়াল ও হেলথফার্স্টের (Healthfirst) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা প্যাট ওয়াং এর সভাপতিত্বে নিউ ইয়র্কের ভ্যাকসিন ইকুইটি টাস্ক ফোর্স (Vaccine Equity Task Force) চালু করার ঘোষণা করেন। প্রতিষ্ঠার পর থেকে টাস্ক ফোর্স টিকা দেওয়ার ক্ষেত্রে বাধা ভেঙ্গে এবং স্টেট জুড়ে টিকার ন্যায়সঙ্গত বন্টন আছে কি না তা নিশ্চিত করে এবং দুর্বল ও নিম্নবিত্ত কমিউনিটিগুলি যাতে পিছিয়ে না পড়ে তা নিশ্চিত করার লক্ষ্যে কাজ অব্যাহত রেখেছে।

উপরন্তু, নিউ ইয়র্ক চার্চ, কমিউনিটি সেন্টার ও পাবলিক হাউজিং কমপ্লেক্সে সরাসরি সম্প্রদায়গুলির ভিতরে 104টিরও বেশি অস্থায়ী কমিউনিটি ভিত্তিক 'পপ আপ' টিকার সাইট স্থাপন করেছে রাজ্য

জুড়ে যেগুলি ঐতিহ্যগত স্বাস্থ্য সেবা ব্যবস্থার দ্বারা অপর্যাপ্ত পরিষেবা পেয়েছে। 15 জানুয়ারি থেকে এই সাইটগুলি আনুমানিক 45,000 নিউ ইয়র্কবাসীকে এই কমিউনিটি ভিত্তিক পপ-আপ সাইটে তাদের প্রথম COVID-19 টিকা পেতে সক্ষম করেছে। প্রথম ডোজ প্রশাসনের পর, সাইটগুলি তারপর দ্বিতীয় ডোজ পরিচালনা করার জন্য তিন সপ্তাহ পরে পুনরায় প্রতিষ্ঠিত হয়।

নিউ ইয়র্ক এই সমস্ত পপ-আপ সাইটগুলি প্রতিষ্ঠা করা অব্যাহত রাখবে যতক্ষণ না এগুলিকে সমস্ত 33টি নিউ ইয়র্ক সিটি হাউজিং অথরিটি (New York City Housing Authority, NYCHA) সিনিয়র হাউজিং ডেভলপমেন্টে (NYCHA Senior Housing Developments) স্থাপন করা হয়, যেখানে 7,600 জনেরও বেশি বয়স্করা বাস করেন। এছাড়াও স্টেটব্যাপী অন্যান্য পাবলিক হাউজিং কমপ্লেক্সে এবং তার সাথে 300টিরও বেশি চার্চ ও সাংস্কৃতিক কেন্দ্রে পপ-আপ অবস্থানগুলি স্থাপন করা চলতে থাকবে, যা গভর্নর কুওমোর ভ্যাকসিন ইকুইটি টাস্ক ফোর্সের মাধ্যমে এই সাইটগুলো পরিচালনার জন্য স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করেছে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন